

শেকড়ে ছত্রিশ বাজে

শেকড়ে ছত্রিশ বাজে

মৃত্যুর ডাক শুনি কাছে

এখনো জীবন বাকি আছে?

ছত্রিশ বসন্ত ধরে

তিলে তিলে শুকিয়েছি আমি

আমার বাগানও ছিল দামি?

কী জানি কোথায় তবে গাছ

পুকুরে পেখম তোলা মাছ

হারালো কোথায়!

আমার সমস্ত দিন যায়, রাতও যায়

আর একটু চলো

এখন অন্য কথা নয়

আমাকে বৃষ্টির কথা বলো

ডাক

কে যেন ফের ডাকছে আমায়

যাই

ইট পেরিয়ে, মৌরলা মাছ, কফির গন্ধ

ওলকপি-ঘুম, ক্লাস্তি ও কাম সব পেরিয়ে

রঙে গভীর ডাক বেজেছে

যাই

নর্দমা, পূঁজ, দংশিত দিন

মৃত্যুকে আজ টপকে যাব

যাই

মায়াবী এক জঙ্গলে ডাক

অমোঘ গভীর রহস্যময়

সত্তা জুড়ে ডাক বেজেছে

যাই

কবিতা লিখিনি বহুকাল

কবিতা লিখিনি বহুকাল

কবিতা লিখতে বসে কেবলি দুঃখের কথা
কেবলি ক্লান্তির কথা, শূন্যতার কথা মনে আসে

আমার স্বপ্নেরা সব নতুন স্বপ্নের জন্ম না দিয়েই
নেপথ্যে সরেছে

এখন সময় বড় ফাঁকা ফাঁকা বলে মনে হয়

মাইলোমিটার দেখি কত পথ অতিক্রান্ত হল
জেনে নিতে

অথচ আমি তো জানি

আমি সেই স্থির হয়ে ঠায় বসে আছি

এক পাও নড়িনি কোথাও

ফুলের গন্ধ আর এখানে আসে না এই

জরাগ্রস্ত মুখের নগরে

ইদানীং জটিল প্রশ্নেরা সব—‘কে’, ‘কি’, ‘কেন’ এসে
মাথার ভেতরে শুধু ঘুর ঘুর করে
আমি তার জবাবে অক্ষম

পৃথিবীর বুকে শুধু এভাবেই বেঁচে বর্তে থাকা